অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো নিউ ইয়র্কে এই সপ্তাহান্তে ভারী বৃষ্টিপাতের ফলে সম্ভাব্য বন্যার কারণে রাজ্যের সংস্থাগুলোকে প্রতিক্রিয়া সম্পদ কার্যক্ষেত্রে নিয়োগ করার নির্দেশ দিয়েছেন

মোট বৃষ্টিপাতের পরিমাণ নর্থ কাউন্টি এবং মহোক ভ্যালির উত্তরাঞ্চল, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে তিন ইঞ্চি পর্যন্ত পৌঁছতে পারে

শনিবার সন্ধ্যা ও রবিবার বিকালের মধ্যে উত্তর কাউন্টিতে এক ইঞ্চি বরফ জমার সম্ভাবনা রয়েছে

ভারী বৃষ্টিপাত নিম্ন ভূমি, ছোট নদী ও ঝর্ণায় অত্যধিক স্রোত ও বন্যা সৃষ্টি করতে পারে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ রাজ্যের সংস্থাগুলোকে জরুরি প্রতিক্রিয়া সম্পদ স্থাপনের নির্দেশ দিয়েছেন কারণ একটি ঝড়ের কারণে নিউ ইয়র্কের উপকূলবর্তী অঞ্চলে ভারী বৃষ্টিপাত, বরফ এবং সম্ভাব্য বন্যা হওয়ার পূর্বাভাস রয়েছে। মোট বৃষ্টিপাতের পরিমাণ নর্থ কাউন্টি এবং পশ্চিম নিউ ইয়র্ক, মধ্য নিউ ইয়র্ক এবং মহোক ভ্যালির উত্তর অংশে তিন ইঞ্চি পর্যন্ত পৌঁছতে পারে। উচ্চতর ভূখণ্ড জুড়ে প্রায় স্যাচুরেটেড গ্রাউন্ড এবং স্নোপ্যাকের উপর ভারী বৃষ্টিপাতের কারণে অতিরিক্ত বৃষ্টিপাত হতে পারে, যার ফলে নিম্নাঞ্চল এবং নগর অঞ্চল, ছোট নদী এবং ঝর্ণায় স্রোত ও বন্যার সৃষ্টি হতে পারে। নিউ ইয়র্কবাসীদের সপ্তাহান্ত জুড়ে ভ্রমণ করার সময় সাবধানতা অবলম্বন করার এবং স্থানীয় আবহাওয়ার প্রতিবেদনগুলি ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

"এই ঝড় আমাদের আরও কিছু সমস্যাযুক্ত অঞ্চলে বন্যার সম্ভাবনা সহ রাজ্যের বিভিন্ন অংশে উল্লেখযোগ্য পরিমাণে বৃষ্টিপাত এবং তুষারপাত ঘটাবে, সুতরাং নিউ ইয়র্ক এর অধিবাসীদের এই সপ্তাহান্তে ভ্রমণের সময় অবশ্যই সতর্কতা অবলম্বন করতে হবে," **গভর্নর কুওমো বলেন**। "আমি রাজ্যের সংস্থানগুলিকে একটি সচল পদ্ধতি অবলম্বন করার নির্দেশনা দিয়েছি, এবং কর্মীরা ইতিমধ্যে সম্ভাব্য ঝুঁকিপূর্ণ গাছের ডালপালা কাটছে এবং বন্যার উদ্বেগ কমিয়ে আনতে সহায়তার জন্য খাঁদ ও ঝর্ণার এবং ময়লা সাফ করে যাচ্ছে।"

শুক্রবার জুড়ে, লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ক সিটি অঞ্চল বাদে, রাজ্যজুড়ে মেঘলা আকাশের সাথে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এই বৃষ্টি মহোক ভ্যালি এবং সাউদার্ন টায়ার অঞ্চলগুলিতে হিমশীতল বৃষ্টির সাথে মিশ্রিত হতে পারে, সাথে উত্তরাঞ্চল এবং সাউদার্ন টায়ার অঞ্চলগুলিতে শীলাবৃষ্টি এবং উত্তরাঞ্চলে তুষারপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বনিম্ন 40 থেকে 50 এর মধ্যে থাকবে।

শনিবারে, রাজ্যজুড়ে বৃষ্টিপাত অব্যাহত থাকবে বলে আশা করা হচ্ছে, তাপমাত্রা বিকেলে সর্বোচ্চ 40s থেকে সর্বনিম্ন 60 এর মধ্যে থাকবে এবং সন্ধ্যায় সর্বোচ্চ 20 থেকে সর্বনিম্ন 50 এর দশকের মধ্যভাগে নেমে যাবে। এই তাপমাত্রা কমে যাওয়ায় নর্থ কাউন্টির উত্তরাঞ্চলে বরফ জমার সম্ভাবনা থাকবে। রবিবার বিকেল নাগাদ, ওগডেনসবার্গ এবং মাসেনার মতো অঞ্চলে অর্ধেক থেকে এক ইঞ্চি বরফ জমে থাকতে পারে।

মোট বৃষ্টিপাতের পরিপ্রেক্ষিতে, রবিবার বিকাল নাগাদ নর্থ কাউন্টি এবং মহোক ভ্যালির উত্তর অংশ, মধ্য নিউ ইয়র্ক এবং পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলগুলিতে তিন ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাত হতে পারে। অন্যত্র, দক্ষিণ পশ্চিম নিউ ইয়র্ক এবং ওয়েস্টার্ন ফিঙ্গার লেক অঞ্চলগুলিতে দুই ইঞ্চি অবধি হতে পারে এবং বাকী ফিঙ্গার লেকস এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলগুলিতে এক থেকে দেড় ইঞ্চি পর্যন্ত হতে পারে। নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড অঞ্চলগুলিতে এক চতুর্থাংশ ইঞ্চিরও কম প্রত্যাশার সাথে বৃষ্টির পরিমাণ দক্ষিণে সরতে সরতে কমতে থাকবে

নিউ ইয়র্কের উপকূলবর্তী জুড়ে 20টিরও বেশি কাউন্টির জন্য বন্যা নজরদারী বর্তমানে শুক্রবার সন্ধ্যা থেকে রবিবার পর্যন্ত কার্যকর রয়েছে। বর্তমান পূর্বাভাসের ভিত্তিতে বন্যার সম্ভাবনার ফলে বন্যা নজরদারী জারি করা হয়েছে। নিউ ইয়র্কবাসীদের উচিত সপ্তাহান্ত জুড়ে পূর্বাভাস নজরদারি করা এবং সম্ভাব্য বন্যার সতর্কতার জন্য সতর্ক হওয়া। আরও পূর্বাভাসের তথ্যের জন্য বা সমস্ত জারি করা নজরদারী, সতর্কতা এবং পরামর্শগুলি দেখার জন্য, দয়া করে জাতীয় আবহাওয়া পরিষেবা দেখুন ওয়েবসাইটে।

এজেন্সির প্রস্তুতি

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES)

নিউইয়র্ক স্টেট ডিভিশনের হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের জরুরী অপারেশনস সেন্টার (Emergency Operations Center) কে বর্ধিত তদারকির জন্য সক্রিয় করা হয়েছে এবং তারা আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করবে, রাষ্ট্রীয় প্রতিক্রিয়া কার্যক্রম পরিচালনা করবে এবং ইভেন্টের পুরো সময়কালে এলাকাবাসীর সাথে যোগাযোগ করবে। রাজ্যের মজুদকৃত সম্পদগুলি (State Stockpiles) পাম্প, চেইন স, স্যান্ডব্যাগ এবং বোতলজাত পানি সহ ঝড়জনিত প্রয়োজনে ক্ষতিগ্রস্থ লোকালয়ে সম্পদ দেয়ার জন্য প্রস্তুত। অধিকন্তু, আগুন প্রতিরোধ ও নিয়ন্ত্রণ বিভাগের কার্যালয় (Division's Office of Fire Prevention and Control) স্থানীয় প্রাথমিক সাড়াদানকারীদের সহায়তা করার জন্য তাদের সুইফট ওয়াটার আরবান সার্চ অ্যান্ড রেসকিউ দল (Swift Water Urban Search and Rescue team) রেখেছে। দলগুলি নৌকা এবং উচ্চ-অ্যাক্সেল যানবাহনে সজ্জিত।

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন

রাজ্যজুড়ে 3,716 জন সুপারভাইজর এবং অপারেটর সহ রাজ্য সড়ক বিভাগ পরিস্থিতি মোকাবেলার জন্য প্রস্তুত। জটিল অঞ্চলে তুষার এবং বরফের ব্যাপারে প্রতিক্রিয়া কার্যক্রম সমর্থন করার জন্য,

19 টি প্লাউ ট্রাক অপারেটর, তিনজন সুপারভাইজার, তিনটি মাঝারি ডিউটি ক্রু ট্রাক নিম্নোক্ত ভাবে স্থাপন করা হয়েছে:

- নর্থ কান্ট্রি:
    - রাজধানী অঞ্চল থেকে 7 জন প্লাউ অপারেটর, 1 জন সুপারভাইজার এবং 1টি মাঝারি ডিউটি ক্রু ট্রাক গ্রহণ করা হয়েছে
        - সাউদার্ন টায়ার থেকে 9 জন প্লাউ অপারেটর, 2 জন সুপারভাইজার এবং 2টি মাঝারি ডিউটি ক্রু ট্রাক গ্রহণ করা হয়েছে
            - মধ্য নিউ ইয়র্ক থেকে 3 জন প্লাউ অপারেটর গ্রহণ করা হয়েছে

পুরো ঘটনা জুড়ে পরিস্থিতির ন্যায্যতা অনুযায়ী সংস্থান নিয়োগের প্রয়োজনয়ীতা অব্যহতভাবে পুনঃমূল্যায়ন করা হতে থাকবে। ঝড়ের সময় জুড়ে সকল ক্ষতিগ্রস্ত আবাসিক স্থানগুলোতে 24/7 কাজ করার জন্য কর্মী নিয়োগ করা হবে। সমস্ত উপলব্ধ সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিক্সকে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যাগুলো নিম্নরূপ:

- 1587টি বৃহৎ প্লাউ ট্রাক
- 183টি মাঝারি শক্তিমত্তার প্লাও
- 51টি টো প্লউজ
- 329টি বড় লোডার্স
- 76টি চিপার
- 36টি ট্রাফিক সিগন্যাল ট্রাক
- 13টি ট্রি ক্রু বাকেট ট্রাক

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির 695 জন সুপারভাইজার ও অপারেটর আছেন যারা সমগ্র স্টেট জুড়ে 239টি বড় স্নো প্লাও, 106টি মাঝারি স্নো প্লাও, 11টি টো প্লাও এবং 62টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 120,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত রয়েছেন। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

এছাড়াও থ্রুওয়ে অথোরিটি মোটর চালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করছে যা iPhone ও Android ডিভাইসে বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটর চালকরা ট্রান্সঅ্যালার্ট ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতির তথ্য প্রদান করে এখানে।

প্রদেশ পুলিশ বিভাগ (Division of State Police)

রাজ্য পুলিশের টহল দলগুলিকে সতর্ক থাকতে এবং যে কোনও সমস্যার জন্য আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। স্টেটের পুলিশ ক্ষতিগ্রস্ত এলাকায় প্রয়োজনমতো অতিরিক্ত কর্মী মোতায়েন করতে প্রস্তুত থাকবে। সকল ফোর-হুইল ড্রাইভ গাড়ি কাজ করছে এবং স্নোমোবাইল ও ইউটিলিটি গাড়িগুলো প্রস্তুত আছে ও মাঠে জন্য তৈরি আছে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়ায় আক্রান্ত হতে পারে এমন এলাকা ও অবকাঠামোগুলোকে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। সকল উপলভ্য সম্পদ যে কোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেটের পার্ক পুলিশ (New York State Park Police) ও পার্কের কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি ও প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। প্রতিক্রিয়া সরঞ্জাম প্রসার করা হচ্ছে, পরীক্ষিত এবং ঝড় প্রতিক্রিয়া ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্ক খোলা থাকার সময়, খোলার সময় এবং বন্ধ হওয়ার সময় ইত্যাদি সম্পর্কে সর্বশেষ তথ্য জানতে পার্ক ভ্রমণকারীদের উচিত https://parks.ny.gov দেখা বা তাদের স্থানীয় পার্কের অফিসে যোগাযোগ করা।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service)
নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধারের উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্ক ইউটিলিটির বর্তমানে প্রায় 4,500 জন শ্রমিক রয়েছে। জন পরিষেবা বিভাগের (Department of Public Service) কর্মীরা ঝড়ের পুরো ঘটনা জুড়ে ইউটিলিটির কাজগুলি পর্যবেক্ষণ করবে এবং ইউটিলিটিগুলি উপযুক্ত কর্মীদের দ্বারা সর্বাধিক প্রভাব অনুভুত অঞ্চলে স্থানান্তরিত হচ্ছে তা নিশ্চিত করবে।

<u>নিরাপত্তা পরামর্শ</u>
সম্ভাব্য বন্যার জন্য এখনই প্রস্তুত হোন:

- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।
- পরিবারসহ নিরাপদ স্থানে সরে যাবার একটি পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে দেখা করার একটি নির্দিষ্ট স্থান চিহ্নিত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যান এর খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও পানীয় জলের জরুরি সরবরাহ স্টকপাইল করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।

- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্না সরঞ্জাম রাখুন।
- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানী রাখুন। যদি বিদ্যুৎ শক্তি বন্ধ হয়ে যায়, তবে গ্যাসোলিন স্টেশন কয়েক দিনের জন্য জ্বালানী পাম্প করতে পারবে না। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- আপনার সম্পত্তি কত উপরে এবং বন্যা স্তরের কত ফুট নিচে জেনে নিন। পূর্বাভাসকৃত বন্যার মাত্রা যখন সম্প্রচার করা হয়, আপনার জায়গায় বন্যা হতে পারে কিনা তা নির্ধারণ করতে পারেন।
- স্যান্ডব্যাগ, পাতলা পাতলা কাঠ, প্লাস্টিকের শিট এবং কাঠের মতো উপকরণকে জরুরি জল-প্রমাণীকরণের জন্য সাথে রাখুন।

বন্যার সুরক্ষার ব্যাপারে আরো পরামর্শের জন্য, দয়া করে হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ এর ওয়েবসাইট পরিদর্শন করুন http://www.dhses.ny.gov/oem/safety-info।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন